



৩০ নভেম্বর ২০১৮

## বিজ্ঞপ্তি

### বিষয়ঃ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ সংক্রান্ত

বাংলাদেশ নির্বাচন কমিশন সূত্রে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ রবিবার একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছেঃ

- (ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) ও (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
- (খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- (গ) বাংলাদেশি ভোটার বিদেশে অবস্থান করলে।

The Representation of the People Order, 1972 এর Article 27 এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি সংযুক্ত

উল্লিখিত শ্রেণির ব্যক্তিবর্গের **আবেদনের ভিত্তিতে** রিটার্নিং অফিসার তাদের নিকট ডাকযোগে পোস্টাল ব্যালট প্রেরণ করবেন। পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করে রিটার্নিং অফিসারের নিকট পোস্টাল ব্যালট প্রেরণ করার জন্য **যে ডাক মাশুল খরচ করা হবে তা ভোটারগণ নিজে বহন করবেন।**

